

# ৫ হাজার ডলার পুরস্কার মেটলাইফ বানান প্রতিযোগিতা ২০ জুন থেকে শুরু

বাংলা পত্রিকা রিপোর্ট : চলতি বছরেও দক্ষিণ এশিয়ার শিশু-কিশোরদের জন্য স্পেলিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে মেটলাইফের সৌজন্যে। ৬ মে ম্যানহাটানে এক সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেয়া হয়। যুক্তরাষ্ট্রের ৮টি স্থানে অঞ্চল ভিত্তিক এই

উদ্‌দারণ করতে হবে। তা না হলে সুযোগ পাওয়া যাবে না। এর মধ্যে শীর্ষে অবস্থানকারী ৩ জনকে নগদ অর্থ পুরস্কার দেয়া হবে। ৮টি অঞ্চলের মোট ১৬ জনকে চূড়ান্ত পর্বে আসতে হবে এবং তা অনুষ্ঠিত হবে আগস্ট মাসে নিউজার্সিতে। চূড়ান্ত পর্বে যে চ্যাম্পিয়ন হবে তাকে নগদ ৫ হাজার ডলার প্রদান করবে মেটলাইফ। সংবাদ সম্মেলনে মেটলাইফের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট যোসেফ ডব্লিউ জর্দান বলেন, আমাদের রয়েছে ৭০ মিলিয়ন ক্রায়েন্ট। এর মধ্যে দক্ষিণ এশিয়ানদের সংখ্যাও অনেক। তাই বিটাও হিসেবে আমরা কিছু করতে চাই দক্ষিণ এশিয়ানদের জন্য। কমিউনিটির আন্তরিক সহায়তা অব্যাহত



প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অনূর্ণ ১৪ বছর বয়সী ছেলেমেয়েরা এই প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। সংবাদ সম্মেলনে বলা হয়, টাচটোন মিডিয়া ইনক ব্যবস্থাপনার এবারের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ২০ জুন নিউজার্সি, ২১ জুন ওয়াশিংটন মেট্রো, ২৭ জুন ডালাস, ২৮ জুন হিউস্টন, ১১ জুলাই শিকাগো, ১২ জুলাই নিউইয়র্ক, ১৮ জুলাই লস এঞ্জেলস এবং ১৯ জুলাই বে এরিয়ায়। প্রতিযোগিতায় অংশ নিতে কোন ফি দিতে হবে না এবং অনুষ্ঠানটি সরাসরি সনি টিভিতে প্রচারিত হবে।

সংবাদ সম্মেলনে টাচ ডাউন মিডিয়া ইনকের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং এই প্রতিযোগিতায় পরিচালনাকারী রাহুল ওয়ালিয়া বলেছেন, আমেরিকানদের সাথে টিকে থাকার জন্য আমাদের নতুন প্রজন্মকে তৈরির ক্ষেত্রে এ এক দুঃসাহসী পদক্ষেপ। পারিবারিকভাবে উপস্থিত হয়ে দিনভর বিনোদনের পাশাপাশি সন্তানের শিক্ষাগত যোগ্যতা যাচাইয়ের সুযোগ সৃষ্টিকারী এ প্রতিযোগিতায় সুযোগপ্রাপ্তদেরকে প্রথম দিন ২৫টি শব্দ লেখার পরীক্ষা দিতে হবে। এর মধ্যে অন্ততঃ ১৫টি শব্দ সঠিকভাবে লিখতে ও বানান

থাকলে মেটলাইফের সেবামূলক কর্মসূচি সম্প্রসারিত করা হবে।

রাহুল ওয়ালিয়া বলেছেন, এ প্রতিযোগিতায় অংশ নিতে ইমিগ্রেশনের স্ট্যাটাস বিবেচিত হবে না অর্থাৎ বৈধ-অবৈধ নির্বিশেষ সকলেই অংশ নিতে পারবে। তবে তাদেরকে বয়স ও জাতিগত পরিচয়পত্র প্রদর্শন করতে হবে। এটি নির্ধারিত হবে মা-বাবার পাসপোর্ট অথবা অন্য কোন ডকুমেন্টের মাধ্যমে।

সনি টিভির নির্বাহী ভাইস প্রেসিডেন্ট রাজন সিং বলেন, বহুজাতিক এ বিশ্বে নিজেদের ভাষাগত দক্ষতা ও মেধার প্রমাণ খুঁজতে এ প্রতিযোগিতা দক্ষিণ এশিয়ান শিশু-কিশোরদের জন্য অবিম্বরণীয় ভূমিকা রাখবে বলেই আমরা এর সাথে সম্পৃক্ত হয়েছি। তিনি বলেন, বিশ্বের ১৫০টি দেশে সম্প্রচার হচ্ছে সনির অনুষ্ঠান। ইতিমধ্যেই ইন্ডিয়ান আইডল এবং কুগী-উগীরা মাধ্যমে সনি টিভি প্রবাসেও জনপ্রিয়তা অর্জনে সক্ষম হয়েছে।

উল্লেখ্য, স্পেলিং বী প্রতিযোগিতায় অংশ নিতে ইচ্ছুকদের [www.southasianspellingbee.com](http://www.southasianspellingbee.com) এই ওয়েবসাইটে নাম তালিকাভুক্ত করতে হবে।

অনুষ্ঠানে মেটলাইফের প্রতিনিধি শামীম আহসানসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

Friday // May 22 // 2009

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika